

## আল্লাহর স্মরণই মু'মিনদের অন্তরে প্রশান্তি আনে

আসসালামু আলাইকুম ওয়া রহমতুল্লাহি ওয়া বারাকাতুহ  
বিসমিল্লাহির রহমানুর রাহীম

আজকের আলোচনার বিষয়বস্তু হচ্ছে: **আল্লাহর স্মরণই মু'মিনদের অন্তরে প্রশান্তি আনে।**

পবিত্র কোরআনে ইরশাদ হচ্ছে:

সূরা আর রা'দ, আয়াত: ২৮

الَّذِينَ آمَنُوا وَتَطْمَئِنُّ قُلُوبُهُمْ بِذِكْرِ اللَّهِ أَلَا بِذِكْرِ اللَّهِ تَطْمَئِنُّ الْقُلُوبُ (28)

**অর্থ:** যারা ঈমান আনে এবং আল্লাহর স্মরণে তাদের চিত্ত প্রশান্ত হয়; স্মরণ রেখ আল্লাহর যিকিরেই অন্তর প্রশান্তি লাভ করে।

একটি হাদীস, বুখারী নম্বর ৬৪০৭

হযরত আবু মূসা(রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, রাসূল(সাঃ) বলেছেন, যে ব্যক্তি তার প্রভুর স্মরণ (যিকির) করে, আর যে করে না তাদের উদাহরণ হলো জীবিত ও মৃত ব্যক্তির ন্যায়।

একটি হাদীস, বুখারী নম্বর ৬৪০৫

হযরত আবু হোরাইরাহ(রাঃ) থেকে বর্ণিত। রাসূল(সাঃ) বলেছেন, নিশ্চয়ই যে ব্যক্তি দিনে একশতবার (সুবাহানালাহ ওয়া বিহামদিহি) অর্থ আল্লাহ পবিত্র এবং সমস্ত প্রশংসা তাঁর এই দুয়াটি পাঠ করবে, তার গুণাহ যদি সমুদ্রের ফেনা সমতুল্যও হয় তবুও আল্লাহ দয়া করে তা ক্ষমা করে দেবেন।

### আরও একটি হাদীস বুখারী নম্বর ৬৪০৩

হযরত আবু হোরাইরাহ(রাঃ) থেকে বর্ণিত। রাসূল(সাঃ) বলেছেন, যে ব্যক্তি দিনে একশতবার এটা পড়ে " লা ইলাহা ইল্লাল্লাহু ওয়াহ্দাহু, লা শারিকা লাহু, লাহুল মূল্কু, ওয়া লাহুল হাম্দু ওয়া লুয়া আলা, কুল্লী শাইয়িন ফাদীর।" অর্থ "আল্লাহ ছাড়া কোন ইলাহ্(উপাস্য) নাই, তিনি এক, তাঁর কোন শরীক নাই।"

বিশ্ব জাহানের মালিক তিনি, সমস্ত প্রশংসা তাঁর। তিনি সব কিছুর উপর প্রবল ক্ষমতাবান। তবে সে ১০টা গোলাম আযাদকরার সওয়াব পায়। ১০০ নেকী তার জন্য লিখা হয়। এবং ১০০ গুণাহ মিটিয়ে দেয়া হয়। ঐ দিন সন্ধ্যা পর্যন্ত শয়তান থেকে তার রক্ষা পাওয়ার ব্যবস্থা হয় এবং তার চেয়ে উত্তম কেউ হবে না। তবে যে ব্যক্তি তার চেয়ে বেশী পড়ে (সে হতে পারবে)।

প্রিয় ভাই ও বোনেরা, এই আ'মলগুলো হলো নফল আ'মল। ফরজ আ'মল হল নিয়মিত সালাত আদায় করা, যাকাত ফরজ হলে তা আদায় করা, রমজান মাসে পুরো মাস সওম পালন করা, হজ্জ ফরজ হলে হজ্জ আদায় করা। নফল ইবাদত কখনই

ফরজের সমতুল্য নয়। ফরজের জন্য শাস্তি হবে। ফরজের ত্রুটি বা কমতি হলে আল্লাহ গাফুরের রহীম বিচারের দিন নফল দ্বারা তা পূরণ করতে বলবেন।

আল্লাহ আমাদেরকে ফরজগুলো ঠিকঠাক আদায় করার তৌফিক দান করুন।

আমীন।

আসসালামু আলাইকুম ওয়া রহমতুল্লাহি ওয়া বারাকাতুহ।

.....